প্রয়াত হলেন প্রাক্তন ভারতীয় মহিলা ক্রিকেটার তথা কোচ শ্রীরূপা বসু। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬৫।

মাঠে - ময়দানে

প্রিমিয়ার লিগের ম্যাচে স্টোকস সিটিকে ৩-০ গোলে হারাল লিভারপুল। মহম্মদ সালাহ লিভারপুলের হয়ে ২টি গোল করেন।

রবিবাসরীয় ডার্বির টিকিট বিক্রি শুরু

অনুশীলনে আমনাদের বিশ্রাম দিলেন খালিদ জামিল

স্টাফ রিপোর্টার: রবিবার আই লিগের প্রথম ডার্বি ম্যাচ। যুবভারতী ক্রীড়াঙ্গনে মহারণে নামছে দুই প্রধান। আর তারই প্রস্তুতিতে ব্যস্ত ইস্টবেঙ্গল। আই লিগের অভিযান ম্যাচে গতবারের চ্যাম্পিয়ন আইজল এফসি'র বিরুদ্ধে দুই গোলে এগিয়ে থেকেও জিততে পারেনি ইস্টবেঙ্গল। তা নিয়ে বেশ হতাশ লাল-হলুদ কোচ খালিদ জামিল, তবে সেসব ভুলে এবার খালিদ জামিলের লক্ষ্য ডার্বি ম্যাচ।

তাই বৃহস্পতিবার নিজেদের মাঠে মোহনবাগান ম্যাচের প্রস্তুতি সারল ইস্টবেঙ্গল শিবির। অনুশীলনের প্রস্তুতি সারলেও দলের তারকা ফুটবলার আল আমনা, প্রাজাদের বিশ্রাম দিলেন লাল-হলুদ কোচ। ইস্টবেঙ্গল মাঠে বৃহস্পতিবার বড় ম্যাচের জন্য যে অনুশীলন হল তাতে দেখা গেল না আমনাদের। আইজল এফসি'র বিরুদ্ধে দলে সুযোগ না পাওয়ায় অর্ধশতমণ্ডলদের নিয়েই অনুশীলনে ব্যস্ত ছিলেন লাল-হলুদ কোচ। তাও আবার কি না মাঠের একদিকে। প্রশ্ন হল বড় ম্যাচ শুরু হতে বাকি আর কয়েক ঘণ্টা। সেখানে কেন দলের প্রথম সারির ফুটবলারদের বিশ্রাম দেওয়া হল? তবে এ প্রসঙ্গে লাল-হলুদ কর্তারা বলেন, আসলে ফুটবলাররা ম্যাচ খেলতে খেলতে ক্লান্ত। তাই বড় ম্যাচের আগে ফুটবলারদের বিশ্রাম দেওয়া হল। অনুশীলনে বিশ্রাম দেওয়া হলেও ফুটবলারদের নিয়ে সকালে প্রায় ঘণ্টা দুয়েক আলোচনা করেন ইস্টবেঙ্গল কোচ খালিদ জামিল। পাশাপাশি আইজল ম্যাচের ভিডিও দেখিয়ে ফুটবলারদের ভুল ত্রুটি গুলিও শুধরে দেন লাল-হলুদ কোচ। আইজল ম্যাচের ভিডিও দেখানোর পাশাপাশি আমনাদের দেখানো হয় মোহনবাগান-মিনার্ভা এফসি ম্যাচের ভিডিও। প্রতিপক্ষ দলের সনি নর্ডি রয়েছেন। তাই লাল-হলুদ কোচের ভাবনায় নিজের দলের ডিফেন্স। ব্রাজিলিয়ান ফুটবলার এডুয়ার্ডো ডিপ ডিফেন্সে খেললেও তাঁর উপর কেউ ভরসা রাখতে পারছেন না। গতবার এডু ছিলেন মোহনবাগানে। ডিফেন্সে তিনিই ছিলেন নেতা। অনেকে আশা করেছিলেন এবার এড়ুর হাত ধরে ইস্টবেঙ্গল ডিফেন্স জমাট দেখাবে। কিন্তু সেই ভরসা কেউ করতে পারছেন না। তাই বড় ম্যাচে অধিনায়ক অর্ধশ মণ্ডলকে ডিফেন্সে খেলানোর ভাবনা লাল-হলুদ কোচ খালিদ জামিলের। শুধু এড়ু নন, আর এক বিদেশি ফুটবলার বাজোর পারফরম্যান্সও খুব একটা ভাল নয়। সব মিলিয়ে বড় ম্যাচের আগে লাল-হলুদ কোচকে ভাবাচ্ছে দলের ডিফেন্স।

যুবভারতীতে বড় ম্যাচের প্রস্তুতি সারল মোহনবাগান

স্টাফ রিপোর্টার: গত দু'বছর অঙ্কের জন্য আই লিগ হাতছাড়া মোহনবাগানের। তাই এবার খেতাব জয়ই লক্ষ্য সবুজ-মেরুন শিবিরের। তবে অভিযান ম্যাচে মিনার্ভা সিটি এফসি'র বিরুদ্ধে ১ গোলে এগিয়ে থেকেও শেষ মুহূর্তে ডিফেন্সের কিংশুক দেবনাথ এবং গোলরক্ষক শিল্টন পালের ভুলে জেতা ম্যাচ হাতছাড়া হয়েছে মোহনবাগানের। তবে সে সব ভুলে এখন বাগান কোচ সঞ্জয় সেনের লক্ষ্য ইস্টবেঙ্গলের বিরুদ্ধে তিন পয়েন্ট সংগ্রহ করা। রবিবার যুবভারতীতে বড় ম্যাচ। তাই যুবভারতীর সংলগ্ন মাঠে বৃহস্পতিবার বিকালে অনুশীলন সারল মোহনবাগান। আসলে পরিবেশ পরিস্থিতি পরখ করাই লক্ষ্য বাগান কোচ সঞ্জয় সেনের। যুবভারতীতে দীর্ঘদিন খেলেনি মোহনবাগান। ফলে ওখানকার মাঠ কেমন তা জানা সম্ভব নয়, যদিও যুবভারতীর মূল স্টেডিয়ামে অনুশীলন করার পাচ্ছে না কোনও দলই। তাই পাশের মাঠে নেমে একটা সমাক ধারণা তৈরি করে নিতেই চাইছেন সবুজ-মেরুন শিবিরের কোচ। ইস্টবেঙ্গল ইতিমধ্যে যুবভারতীতে আইজল এফসি'র বিরুদ্ধে ম্যাচ খেলে ফেলেছে। তাই যুবভারতী সম্পর্কে লাল-হলুদ কোচের একটা ধারণা হয়ে গিয়েছে। যুবভারতী মাঠ নিয়ে তাই কিছুটা হলেও চিন্তিত বাগান কোচ। অভিযান ম্যাচে মিনার্ভা এফসি ম্যাচে ড্র করে কিছুটা হলেও হতাশার চেহারা দেখা গিয়েছিল মোহনবাগান শিবিরে। কিন্তু আইজল এফসি'র বিরুদ্ধে ইস্টবেঙ্গল ড্র করায় বড় ম্যাচের আগে কিছুটা হলেও অক্সিজেন পেয়েছে সবুজ-মেরুন শিবির। অর্থাৎ বড় ম্যাচ খেলতে নামার আগে পয়েন্টের বিচারে দু'দলই একই জায়গায় রয়েছে। এটাই স্বস্তি বাগান শিবিরের কাছে। তবে মাঝমাঠ নিয়ে বেশ চিন্তিত বাগান কোচ। কারণ মিনার্ভা এফসি'র বিরুদ্ধে খুব একটা সুবিধা করতে পারেননি মাঝমাঠের ফুটবলাররা। সনি নর্ডি ছাড়া মিনার্ভার বিরুদ্ধে সেভাবে কেউ নজর কাড়তে পারেননি। পাশাপাশি গতবার আই লিগে ১২ গোল করে সর্বোচ্চ গোলদাতা পুরস্কার পাওয়া ডিপান্ডা ডিকাও প্রথম ম্যাচে ব্যর্থ। এমনকি ক্রোমার পারফরম্যান্সেও খুশি নন সঞ্জয়। ডিকা, ক্রোমার পাশাপাশি বড় ম্যাচের আগে আর এক বিদেশিকে নিয়ে বেশ সমস্যায় বাগান কোচ। অনুশীলনে জমনা পারফরম্যান্সের জন্য ফেরেইরাকে প্রথম ম্যাচের মতো বড় ম্যাচেও রিজার্ভ বেঞ্চে রাখছেন না মোহন কাত্তারি। বিশ্বস্ত সূত্রের খবর, ডার্বি ম্যাচের পর ফেরেইরাকে ক্ষতিপূরণের টাকা দিয়ে ছেড়ে দিতে পারেন বাগান কর্তারা।

পাকিস্তানের সঙ্গে না খেলে ক্রিকেটে রাজনীতি আনা হচ্ছে বিষেণ সিংহ বেদী

নয়াদিল্লি, ৩০ নভেম্বর: পাকিস্তানের সঙ্গে ক্রিকেট না খেলা দেশপ্রেম নয়। এভাবে দেশপ্রেমকে সংকীর্ণ করে তোলার কারণ নেই। এমনই মন্তব্য করেছেন ভারতীয় দলের প্রাক্তন অধিনায়ক বিষেণ সিংহ বেদী। ভারত-পাকিস্তান ক্রিকেট সম্পর্ক আবার চালু করার পক্ষে সওয়াল করেছেন তিনি।

২০১২-র পর থেকে আর ভারত-পাকিস্তান দ্বিপাক্ষিক ক্রিকেট সিরিজ হয়নি। পাকিস্তান বারবার প্রস্তাব দিলেও একের পর এক জঙ্গি হানা ও সীমান্ত পরিস্থিতির জেরে তা প্রত্যাখ্যান করেছে ভারত। শুধু আইসিসি আয়োজিত টুর্নামেন্টেই ভারত পাকিস্তানের বিরুদ্ধে খেলে। দিল্লি অ্যান্ড ডিস্ট্রিক্ট ক্রিকেট অ্যাসোসিয়েশন বা ডিডিসি-এ বার্ষিক কনক্লেভে বেদী প্রশ্ন তুলেছেন এ নিয়ে।

এক সময়ের প্রবাদপ্রতিম স্পিনার বলেছেন, ক্রিকেটের রাজনীতিকরণের দরকার কী? ক্রিকেট না খেলে কি সন্ত্রাসবাদ মুছে ফেলা গিয়েছে। বরং ক্রিকেটের মাধ্যমে ঘনিষ্ঠতা বাড়ানো যায়।

তাকে প্রশ্ন করা হয়, বর্তমান সামাজিক পরিস্থিতিতে পাকিস্তান বিরোধী হওয়াই দেশপ্রেমের লক্ষণ কি না। জবাবে বেদী বলেন, তা ঠিক নয়। আমি ভারত বিরোধী কিছু বলছি না, শুধু পাকিস্তানের সঙ্গে একটা ক্রিকেট সিরিজ চাইছি। দেশপ্রেমের অর্থ এভাবে সংকীর্ণ করে তোলা উচিত নয়। বেদী বরাবরই বিসিসিআইয়ের কঠোর সমালোচক।

ডিডিসিএ'র অনুষ্ঠানেও তিনি বলেছেন, বিসিসিআইয়ের বোর্ড অফ কন্ট্রোল ফর ক্রিকেট ইন ইন্ডিয়া নাম থেকে কন্ট্রোল শব্দটি সরিয়ে দেওয়া উচিত। এর থেকে স্বৈরাচারী, স্বেচ্ছাচারী মানসিকতার দুর্গন্ধ বের হচ্ছে বলে মন্তব্য করেছেন তিনি। তাঁর মতে, বোর্ডের নাম রাখা উচিত আইসিবি বা ইন্ডিয়ান ক্রিকেট বোর্ড।

বিসিসিআইকে ৫২ কোটির জরিমানা সিসিআইয়ের

নয়াদিল্লি, ৩০ নভেম্বর: প্রতিযোগিতামূলক ক্রীড়াসুচির প্রতি অনীহা দেখানোর অভিযোগে ভারতীয় ক্রিকেট বোর্ডকে ৫২.২৪ কোটি টাকা জরিমানা করল কম্পিটিশন কমিশন অব ইন্ডিয়া (সিসিআই)। বিসিসিআইয়ের বিরুদ্ধে কেন্দ্রের এই নজরদারি সংস্থার স্পষ্ট অভিযোগ, আইপিএলের প্রতি অত্যাধিক ফোকাসের পাশাপাশি বাকি পেশাদার ঘরোয়া ক্রিকেট লিগের সঙ্গে বঞ্চনা করা হচ্ছে। এমনকি পেশাদার ঘরোয়া ক্রিকেট লিগের বাণিজ্যিক সাফল্য পাওয়ার রাস্তাও বন্ধ করে রেখেছে বোর্ড এই বলে অভিযোগ করা হচ্ছে। এমন অভিযোগের ভিত্তিতেই এবার ভারতীয় ক্রিকেটের সর্বনিয়ামক সংস্থাকে জরিমানা করল সিসিআই। তবে এটাই প্রথমবার নয়, ২০১৩তেও কম্পিটিশন কমিশন অব ইন্ডিয়া জরিমানা করেছিল বিসিসিআইকে। ৪৪ পাতার নির্দেশিকায় সিসিআই জানিয়েছে, বিগত তিন অর্থবর্ষে বিসিসিআইয়ের মোট আয়ের ৪.৪৮ শতাংশ জরিমানা করা হয়েছে। উল্লেখ্য, ২০১৩-১৪, ২০১৪-১৫ এবং ২০১৫-১৬-এই তিন অর্থবর্ষে ১১৬৭.৭ কোটি টাকা আয় হয়েছে ভারতীয় ক্রিকেট বোর্ডের। সিসিআইয়ের নির্দেশ অনুযায়ী মোট আয়ের ৪.৪৮ শতাংশ অর্থাৎ ৫২.২৪ কোটি টাকা জরিমানা দিতে হবে বিসিসিআইকে। বিসিসিআইকে জরিমানা প্রসঙ্গে আইপিএল চেয়ারম্যান রাজীব শুক্লা সংবাদ সংস্থা এএনআইকে জানিয়েছেন, 'আমরা প্রথম এই বিষয়টি নিয়ে ভাল করে জানব। প্রয়োজনে কোর্টেও যাব।'

বড় ভূমিকা থাকবে সামি ও ঋদ্ধির

নয়াদিল্লি, ৩০ নভেম্বর: দক্ষিণ আফ্রিকা সফরে সামি ও ঋদ্ধির ভূমিকা বেশি থাকবে বলে জানালেন বিরাট। ভারতের মাটিতে যতই স্পিনাররা ম্যাচ জেতাক না কেন, দক্ষিণ আফ্রিকা সফরে ম্যাচ জেতাতে প্রয়োজন পেসার। আর সামি আউট সুইং, ইন সুইং, রিভার্স সুইং সব বলই করতে পারে। সেই পেস ব্রিগেডের তুরুপের তাস হতে চলেছেন সামি। লোয়ার মিডল অর্ডারে সামি-উমেশ-ভুবি আর পান্ডিয়ার সঙ্গে অশ্বিনকে রেখে বোলিং ব্রিগেড সাজানো উচিত বলে মনে করছেন তিনি। কারণ ছয় কিংবা সাত ও আট নম্বরেও ঋদ্ধি খেলেছেন। সেক্ষেত্রে শেষ দিকে হাল ধরতে হবে তাকে। দক্ষিণ আফ্রিকা সিরিজে ঋদ্ধির ব্যাট থেকে শতরান আসতে বলে মত বিশেষজ্ঞদের।

মুর্সিয়াকে উড়িয়ে শেষ ষোলোয় বার্সা

মাদ্রিদ, ৩০ নভেম্বর: কোপা দেল রে'তে মুর্সিয়াকে উড়িয়ে দিয়ে ১১৭তম জন্মদিন সেলিব্রেট করল শতাব্দী প্রাচীন এই স্প্যানিশ ক্লাব। বার্থ ডে সেলিব্রেট করার এমন সুযোগ সচরাচর ভাগ্যে জোটে না। কিন্তু জুটে গেল যে বার্সেলোনা কতটা ভয়ঙ্কর হতে পারে তা বোঝা গেল। বার্সার ঘরের মাঠে মুর্সিয়াকে রীতিমতো ৫-০ গোলে দূরমুশ করে নক-আউটে পৌঁছে গেল বার্সেলোনা। নতুন দল নিয়ে আত্মবিশ্বাসের জায়গাটা একটু নড়বড়ে ছিল আরনেস্তো ভালভার্দের। কারণ দলে নেই মেসি ও সুয়ারেজ। দুইজনেই বিশ্রামে। প্রথম লেগে মুর্সিয়ার বিরুদ্ধে ৩-০ গোলে জয় পেয়েছিল বার্সেলোনা। নক-আউট পর্বে আসার আংশিক কাজটা সেখানেই সেরে ফেলেছিলেন ভালভার্দের শিষ্যরা। চতুর্থ রাউন্ডে অর্থাৎ দ্বিতীয় লেগে মুর্সিয়াকে ৫-০ গোলে হারিয়ে দুই লেগ মিলিয়ে ৮-০ ব্যবধানে হারিয়ে শেষ ষোলোয় টিকিট পকেটে পুরল বার্সা। ভিদাল, জেরার্ড দেউলাফিউ, ডেনিস সুয়ারেজ ও অ্যালানোর মতো অধারাবাহিক ফুটবলারদের মাঠে নামিয়ে হাতেনাতে সুফল পেলেন বার্সা কোচ। স্কোর লাইনে প্রথম গোলের নায়ক হলেন আলকাসের। ১৬ মিনিটে সেন্টার বক্স থেকে হেডে গোল করেন তিনি। দ্বিতীয়ার্ধে গোলের জোয়ার আসে বার্সা শিবিরে। ৫৬ মিনিটে ভিদালের পাস থেকে গোল করেন পিকে। ঠিক চার মিনিট পরেই মুর্সিয়ার জালে বল জড়িয়ে স্কোরসিটে নাম তোলেন আলেক্স ভিদাল। ৭৪ মিনিটে সের্জি রবার্টের বাড়ানো বলে গোল করেন ডেনিস সুয়ারেজ। ৭৯ মিনিটে ডেনিস সুয়ারেজের বাড়ানো বলে গোল করে মুর্সিয়ার কফিনে শেষে পেরেকটি পুঁতে দেন জোসে আরনাইজ। আর এর ফলেই হাসিমুখে মাঠ ছাড়েন বার্সা ফুটবলাররা।

আজ জামশেদপুরকে হারিয়ে জয়ের সরণিতে ফেরাই লক্ষ্য এটিকে কোচের

স্টাফ রিপোর্টার: গত তিন বছরের মতো এবারও আইএসএলের শুরুটা একেবারেই ভাল হয়নি এটিকের। প্রথম ম্যাচে ড্র, আর দ্বিতীয় ম্যাচে ঘরের মাঠে পুণে সিটি এফসি'র বিরুদ্ধে ৪-১ গোলের লজ্জাজনক হার এটিকের। তাই আজ তৃতীয় ম্যাচে জামশেদপুর সিটি এফসি'র বিরুদ্ধে জয়ের সরণিতে ফেরাই লক্ষ্য এটিকে কোচ টেডি শেরিংহ্যামের। তবে আইএসএলে প্রথম সংস্করণ থেকেই চোট আর এটিকে যেন সমার্থক শব্দ। এবারও তার ব্যতিক্রম নয়, বিশেষত মার্কি ফুটবলারের ক্ষেত্রে। প্রথমবার মার্কি ফুটবলার লুই গার্সিয়া খেলেছিলেন মাত্র ২ মিনিট। এরপর মার্কি ফুটবলার লুই পেত্তিগোও চোটের জন্য খেলতে পারেননি এটিকের জার্সি গায়ে। এবারও সেই ভূত তাড়া করে বেড়াচ্ছে দু'বারের চ্যাম্পিয়নদের। চোটের জন্য দলের তারকা ফুটবলার রবি কিন মাঠের বাইরে। চোটের তালিকায় রয়েছেন জয়েস রানে এবং আশুতোষ মেহতা। তাই প্রথম দুটি ম্যাচের মতোই আজ শুক্রবার এবারই প্রথম আইএসএলে খেলা জামশেদপুরের বিরুদ্ধে দল গড়া নিয়ে সমস্যায় এটিকে কোচ। আগের ম্যাচে ঘরের মাঠে পুণে সিটি এফসি'র বিরুদ্ধে লজ্জাজনক হার ভুলে জামশেদপুরের বিরুদ্ধে তিন পয়েন্টই লক্ষ্য এটিকে কোচের। কারণ তিনি বেশ ভালভাবেই জানেন জামশেদপুরের বিরুদ্ধে পয়েন্ট নষ্ট করা মানেই নক আউট পর্বে খেলা অনেকটা অনিশ্চিত হয়ে পড়বে। তাই সমস্যা থাকলেও এটিকের ব্রিটিশ কোচের লক্ষ্য শুধুই তিন পয়েন্ট। তবে জামশেদপুরের বিরুদ্ধে দল গড়া নিয়ে চিন্তার পাশাপাশি শেরিংহ্যামের বড় চিন্তা দলের ডিফেন্স। টিমের বিরুদ্ধে ডিফেন্ডারদের ভুলে চার গোল হজম করতে হয়েছিল গতবারের চ্যাম্পিয়নদের। তাই আইএসএলে নতুন দল জামশেদপুরের বিরুদ্ধে নিজেদের ডিফেন্স মজবুত করেই আক্রমণে যাওয়াই ভাবনা শেরিংহ্যামের। প্রতিপক্ষ দলে মেহতাব হোসেন সহ বেশ কয়েকজন বাঙালি ফুটবলার রয়েছেন তাই জামশেদপুর দলকে বেশ সমীহ করছেন এটিকে কোচ। দুই ম্যাচে এক পয়েন্ট সংগ্রহ করলেও মেহতাবদের বিরুদ্ধে জয়ই লক্ষ্য শেরিংহ্যামের। এখন দেখার প্রথম দুই ম্যাচের ব্যর্থতা ভুলেই তৃতীয় ম্যাচে জামশেদপুরকে হারিয়ে এটিকে জয়ের সরণিতে ফিরে আসতে পারে কি না। অন্যদিকে গত তিনবারের মধ্যে দু'বার কেরালা ব্লাস্টার্সকে চ্যাম্পিয়ন করেছিলেন স্টিভ কাপলো। এবার তিনি কেরালা ছেড়ে জামশেদপুর সিটি এফসি'র কোচের দায়িত্বে। নতুন দলের কোচের দায়িত্বে নিয়ে ঘরের মাঠে এটিকেকে হারিয়ে নক-আউট পর্বে খেলার আশা জিইয়ে রাখতে চান জামশেদপুর সিটি এফসি কোচ স্টিভ কাপলো।

মহিলা ভারোত্তোলনে বিশ্বজয়ী ভারতের মীরাবাঈ চানু

নয়াদিল্লি, ৩০ নভেম্বর: ২০ বছরের বেশি সময় পর ভারোত্তোলনে দেশকে স্বর্ণপদক এনে দিলেন মণিপুরের মেয়ে মীরাবাঈ চানু। আমেরিকার অ্যানাহিমে বিশ্ব ভারোত্তোলন প্রতিযোগিতায় সোনা পেয়েছেন তিনি। স্ন্যাচে ৮৫ কেজি ও ক্লিন অ্যান জার্কে ১০৯ কেজি মহিলাদের ৪৮ কেজি বিভাগে সব মিলিয়ে মীরাবাঈ তোলেন ১৯৪ কেজি। জাতীয় রেকর্ডও গড়েছেন তিনি। গত বছর রিও অলিম্পিকে

তাঁর ফল ভাল হয়নি। কিন্তু বিশ্ব চ্যাম্পিয়নশিপের আঙিনায় জয়লাভ তাঁর সেই খেদ দূর করে দিল। থাইল্যান্ডের সুকচারোন থুনিয়া রুপো জেতেন। কলম্বিয়ার সেওরা আনা আইরিস ব্রোঞ্জ পদক জেতেন। পোডিয়াম থেকে তেরঙ্গা উড়তে দেখে কেঁদে ফেলেন সদ্য বিশ্বজয়ী। এর আগে ১৯৯৪ ও ১৯৯৫-এ দু'বার বিশ্ব চ্যাম্পিয়ন হন অলিম্পিকে পদকজয়ী ভারোত্তোলক কর্ণম মালেশ্বরী। তবে ডোপ সংক্রান্ত কেলেঙ্কারিতে সুযোগ পায়নি রাশিয়া, চিন কাজাখস্তান, ইউক্রেন ও আজারবাইজান সেরা দেশগুলি।

পয়েন্ট টেবিলের শীর্ষে থাকা ম্যাঞ্চেস্টার সিটি সাউদাম্পটনের বিরুদ্ধে লড়াকু জয় তুলে নিয়ে আরও খানিকটা এগিয়ে গেল। প্রথমার্ধ গোলশূন্য থাকার পর খেলার ৪৭ মিনিটে সিটিকে এগিয়ে দেন কেভিন ডি ব্রুইনে। এরপর ৭৫ মিনিটে সাউদাম্পটনের হয়ে অরিয়ল রোমেয়ু ম্যাচে সমতা ফেরাতেও ম্যাচের ইনজুরি টাইমে ম্যান সিটির হয়ে জয়সূচক গোলটি করেন রাহিম স্টার্লিং।

প্রকাশক: পার্থ কুণ্ডু, কর্তৃক ৩, বীরেন্দ্রকৃষ্ণ ভদ্র সরণি, শিলিগুড়ি-৭৩৪০০১ থেকে প্রকাশিত এবং ইকো প্রিন্টিং প্রেস, যাদুভিটা, মিলন মোড়, শিলিগুড়ি-৭৩৪০০৩ থেকে মুদ্রিত ● স্বত্বাধিকারী : আশিস্ লাহা ● মুখ্য সম্পাদক : কমল ভট্টাচার্য
সম্পাদক : আশিস্ লাহা